

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, ঢাকা-১২০৭
website: www.betar.gov.bd

নং: ১৫.৫৩.০০০০.০১৪.১০.০০৯.১৮(অংশ-৪)-২০৬৫

তারিখ: ২০/১০/১৮

বিষয়: সরকারি আবাসিক টেলিফোন নং ৫৮০৫০০৩৫-এর খাত পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৯-২০১৮খি: তারিখে ০৫.০০.০০০০.১৩২.১৯.০০১.১৭.৫৪৮/১(১৯) নং প্রজ্ঞাপনের মাধ্যমে উপ-সচিব, বেগম শোভা শাহনাজ-কে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে তথ্য মন্ত্রণালয়ে ন্যস্ত করে বাংলাদেশ বেতারের অতিরিক্ত পরিচালক পদে বদলী/পদায়ন করা হয়। তিনি ১২-০৯-২০১৮খি: তারিখে বদলী/পদায়নকৃত পদে বাংলাদেশ বেতার, সদর দপ্তর ঢাকায় অতিরিক্ত পরিচালক(প্রশাসন ও অর্থ) পদে যোগদান করেন। তাঁর বদলীজনিত কারণে দপ্তর পরিবর্তন হওয়ায় সরকারি আবাসিক টেলিফোন নং- ৫৮০৫০০৩৫ এর খাত ০১-১০-২০১৮ তারিখ থেকে পরিবর্তন করার জন্য তিনি নির্ধারিত ছক-০৫ যথাযথভাবে পূরণ করে সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন করেছেন। সরকারি আবাসিক টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮-এর দ্বিতীয় পরিচ্ছেদ, ৯(ঘ) ধারা মোতাবেক তিনি খাত পরিবর্তনের সুবিধা পাবেন।

২। পরিপ্রেক্ষিতে, নিম্নোক্ত 'ছক' অনুযায়ী তাঁর বাসস্থানে সংস্থাপিত সরকারি আবাসিক টেলিফোনটির খাত পরিবর্তনের মঞ্জুরীদানের জন্য আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সুপারিশসহ এতদসঙ্গে প্রেরণ করা হলো :

কর্মকর্তার নাম, পদবী ও আবাসিক ঠিকানা	বর্তমানে যে খাতে আছে	যে খাতে পরিবর্তন হবে
বেগম শোভা শাহনাজ উপ-সচিব অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) বাসা নং- ৩৭৬, আহমেদ নগর, পাইকপাড়া, মিরপুর-১, ঢাকা-১২১৬। টেলিফোন নং-৫৮০৫০০৩৫	খাত নম্বর: ১৪০০১০১-৩২১১-৩২১১১২০ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।	খাত নম্বর: ১৩৩০৬০১-৩২১১-৩২১১১২০ বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩। এ সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার টেলিফোন খাতে বরাদ্দকৃত অর্থ থেকে মেটানো হবে।

সংযুক্ত: যথাবর্ণিত।

স্বাঃ
নারায়ণ চন্দ্র শীল
মহাপরিচালক
ফোন: ৪৪৮১৩০৬২

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। বেগম শোভা শাহনাজ, উপ-সচিব, অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। হিসাব রক্ষক, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। মাস্টার ফাইল।

মোহাম্মদ হামিদুর রহমান
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে